# মাইলস্টোন ট্রাজেডি: আরও ৩ শিক্ষার্থী ছাড়পত্র পেল, চিকিৎসাধীন ১৩



সংগৃহীত ছবি

রাজধানীর উত্তরা দিয়াবাড়িতে বিমান বাহিনীর যুদ্ধবিমান বিধ্বস্তে আহত মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের তিন শিক্ষার্থীকে ছাড়পত্র দিয়েছে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট। এখন পর্যন্ত ২৩ জন ছাড়পত্র পেয়েছেন, হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন আরও ১৩ জন। দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৩৬ জনের।

রাজধানীর উত্তরা দিয়াবাড়িতে বিমান বাহিনীর যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় দগ্ধ তিন শিক্ষার্থীকে হাসপাতাল থেকে ছাড়পত্র দেওয়া হয়েছে। বৃহস্পতিবার দুপুরে এ তথ্য নিশ্চিত করেছেন জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক সার্জন ডা. শাওন বিন রহমান।

তিনি জানান, ছাড়পত্র পাওয়া শিক্ষার্থীরা হলেন মাইলস্টোন কলেজের আলভীরা (১০), সামিয়া (১০) ও নুসরাত (১২)।

এ নিয়ে এখন পর্যন্ত মোট ২৩ জন আহত শিক্ষার্থীকে হাসপাতাল থেকে ছাড়পত্র দেওয়া হলো। বর্তমানে ১৩ জন এখনও চিকিৎসাধীন রয়েছেন।

ডা. শাওন বিন রহমান আরও জানান, এ ঘটনায় জাতীয় বার্ন ইনস্টিটিউটে ভর্তি হওয়া রোগীদের মধ্যে ২০ জনের মৃত্যু হয়েছে।

উল্লেখ্য, গত ২১ জুলাই উত্তরা দিয়াবাড়ির মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে বিমান বাহিনীর একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হয়। এতে অগ্নিদগ্ধ হয়ে শিক্ষার্থী ও স্থানীয়দের মৃত্যু হয় মোট ৩৬ জনের